

অংশগ্রহণকারীদের জন্য তথ্য

ডিমেনশিয়া সম্পর্কিত মনোভাব ও ব্যবহার :ওয়ার্ল্ড অ্যালইজাইমারস রিপোর্ট ২০১৯
এর জরিপ

পৃথিবীতে অ্যালইজাইমারস ও অন্যান্য ডিমেনশিয়া অসুস্থতার প্রতি মনোভাব ও বিশ্বাস সম্পর্কিত আলোচনায় অংশগ্রহণ করার কথা বিবেচনা করার জন্য আপনাকে ধন্যবাদ।

আপনি যদি অংশগ্রহণে রাজি থাকেন তাহলে এই তথ্য পাঠের উদ্দেশ্য আপনার সহযোগীতা ও অংশগ্রহণকারীরূপে আপনার অধিকারকে ব্যক্ত করবে।

১) কি সম্পর্কে গবেষণা?

আমরা অ্যালইজাইমারস ডিজিজ ইন্টারন্যাশনাল (এ.ডি.আই) সারা পৃথিবী জুড়ে ডিমেনশিয়ার প্রতি মনোভাব ও মনোভাব সম্পর্কিত সবচেয়ে বড় জরিপের আয়োজন করতে চাই। এ কাজের জন্য আমরা ডিমেনশিয়া রোগী, তাদের সেবক-সেবিকা, পেশাদার স্বাস্থ্যকর্মীরা এবং জনসাধারণের কাছ থেকে তথ্য সংগ্রহ করতে চাই। এ বিষয়ে গভীর গুরুত্বপূর্ণ বোধশক্তির জন্য সারা পৃথিবী জুড়ে নানা সম্প্রদায়ের মানুষ, গ্রাম ও শহরের বিভিন্ন মানুষের দলকে অংশগ্রহণ করতে আহ্বান করছি। তাহলে আমরা এমন একটি তথ্য তৈরী করতে পারব যার সারাংশ জনসাধারণের সহজলভ্য হবে।

২) আমাকে কি অংশগ্রহণ করতে হবে?

আপনি অংশগ্রহণ করতে চান কি না এটি ঠিক করার দায়িত্ব সম্পূর্ণ আপনার। যদি আপনি অংশগ্রহণে রাজি থাকেন তাহলে আমরা আপনাকে একটি অনুমতি পত্র সম্পূর্ণ করতে বলবো জরিপ সম্পূর্ণ করার জন্য।

৩) আমি কিভাবে এতে যুক্ত হব?

আপনাকে ডিমেনশিয়া এবং অ্যালইজাইমারস রোগ সংক্রান্ত কিছু প্রশ্ন করা হবে যেটি জরিপ সম্পূর্ণ করতে সাহায্য করবে। এই জরিপ অন-লাইন বা আপনাকে দেওয়া একটি ট্যাবলেটের মাধ্যমে সম্পূর্ণ করা যাবে। জরিপটি সম্পূর্ণ করতে মোটামুটি ১০-১৫ মিনিট সময়ের প্রয়োজন।

৪) এই পার্ঠ থেকে আমার নাম প্রত্যাহার করতে চাইলে কি ভাবে করবো?

কোনো কারন না দেখিয়ে যে কোন সময় আপনি এই আলোচনা থেকে নাম প্রত্যাহার করতে পারেন। জরিপ চলা কালীন কোন প্রশ্নের উত্তর দিতে যদি আপনি স্বচ্ছন্দবোধ না করেন তাহলে সেটির উত্তর দেবার প্রয়োজন নেই। এই পার্ঠের থেকে প্রত্যাহার করলে আপনার উপর কোন প্রতিক্রিয়া হবে না।

৫) আমার তথ্য কি প্রয়োজনে ব্যবহার করা হবে?

আমাদের উদ্দেশ্য এই পার্ঠের ফলাফল আমরা ওয়ার্ল্ড অ্যালইজাইমারস রিপোর্ট ২০১৯ কে জানাব।

এই গবেষণা সংক্রান্ত আলোচনা, তথ্য / প্রকাশনা কোন ব্যাপারেই আপনাকে উল্লেখিত বা চিহ্নিত করা হবে না।

৬) আমার অংশগ্রহণের কথা এবং তথ্য কি গোপন থাকবে? এটি কি অজ্ঞাতনামা বলে উল্লেখিত থাকবে?

হ্যাঁ, আপনার সম্পর্কে আমাদের সংগৃহীত সমস্ত তথ্য দৃঢ়ভাবে গোপন থাকবে এবং সমস্ত তথ্য (পূর্ণাঙ্গ) অজ্ঞাতনামা থাকবে যার অর্থ আমরা জরিপ শেষ করার পর কোন ব্যক্তির সঙ্গেই তথ্য সংক্রান্ত কোন উত্তরের জন্য যোগাযোগ করতে পারবনা। সমস্ত পূর্ণাঙ্গ তথ্য অজ্ঞাতনামা থাকবে এবং একমাত্র পার্ঠ-গবেষকদের সঙ্গেই আদান প্রদান করা যাবে। অন-লাইনে সংখ্যায় এগুলি জমা থাকবে। ডিজিটাল ফাইলগুলির কোড থাকবে এবং অংশগ্রহণকারীদের নাম এবং অন্যান্য পরিচয় একদম আলাদা ভাবে রাখা থাকবে। এই তথ্যের লিখিত কোন (হার্ড কপি) কাগজ সবসময় তালা দেওয়া থাকবে।

৭) এই পার্ঠে অংশগ্রহণের সম্ভাব্য উপকারগুলি কি কি?

আপনি হয়ত সঙ্গে সঙ্গেই এর দ্বারা উপকৃত হবেনা কিন্তু দূর ভবিষ্যতে ডিমেনশিয়া রোগীর মানসিক কষ্টকে ভাল করার কাজে এই তথ্যগুলি কাজে লাগবে।

৮) এই কাজে অংশগ্রহণের সম্ভাব্য অসুবিধা ও ঝুঁকিগুলি কি কি?

এগুলির কোনটাই সম্ভাব্য নয়, আপনাকে আপনার বিশ্বাস ও মনোভাব সম্পর্কে জানতে চাওয়া হবে তাই হয়ত কিছু প্রশ্ন আপনাকে মানসিক ভাবে বিপর্যস্ত করতে পারে আপনি যে কোন সময় অংশগ্রহণ করা বন্ধ করতে পারেন বা আপনি অস্বচ্ছন্দ বোধ করলে উত্তর নাও দিতে পারেন।

৯) আমার যদি কোন প্রশ্ন বা অভিযোগ থাকে?

আপনার এই তথ্য পার্ঠের ব্যাপারে যদি কোন প্রশ্ন থাকে তাহলে দয়া করে Wendy WeidnerW.Weidner@alzco.uk সঙ্গে যোগাযোগ করুন।

যদি আপনি এই তথ্য পার্ঠে যোগদানে ইচ্ছুক হন তাহলে দয়া করে অনুমতি পত্রের প্রশ্নগুলি সম্পূর্ণ করুন।